



বাংলাদেশ দূতাবাসের উদ্যোগে টোকিওতে শিশু-কিশোরদের চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস জাপানে বসবাসরত বাংলাদেশি শিশু-কিশোরদের জন্য আগামী ১৬ই মার্চ ২০২৪ তারিখ, শনিবার সকাল ১০:৩০ টায় দূতাবাস প্রাঙ্গণে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার বয়সভিত্তিক বিভাগ, বিষয় ও সময়সূচি নিম্নরূপ:

চিত্রাঙ্কন:

বয়সসীমা	৫-৯ বছর
বিষয়	'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' (Bangabandhu & Liberation War)
সময়	সকাল ১০:৩০-১১:৩০ (১:০০ ঘন্টা)
মাধ্যম	সাধারণ রঙ পেন্সিল

রচনা প্রতিযোগিতা:

	ক-বিভাগ	খ-বিভাগ
বয়সসীমা	১০-১৪ বছর	১৫-১৮ বছর
বিষয়	বঙ্গবন্ধু ও বাংলাদেশ (Bangabandhu & Bangladesh)	
সময়	সকাল ১০:৩০-১১:৩০ (১:০০ ঘন্টা)	
ভাষা	বাংলা/English	

চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিশু-কিশোরদের ১৬ই মার্চ ২০২৪ তারিখে সকাল ১০:০০ টায় দূতাবাস প্রাঙ্গণে উপস্থিত হবার জন্য অনুরোধ করা হলো। আগ্রহী শিশু-কিশোরদের আগামী ০৮ মার্চ ২০২৪ তারিখের মধ্যে নিম্নোক্ত লিঙ্ক / কিউআর কোড ব্যবহার করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে:

লিঙ্ক:

https://docs.google.com/forms/d/e/1FAIpQLSdsp_2JC4GbU_kbK4UI3SFC4XYqbayPMprhRzAW9vfQu5bh7A/viewform?usp=pp_url




চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার ফলাফলের ভিত্তিতে প্রতি বিভাগে প্রথম তিন জনকে পুরস্কৃত করা হবে। এছাড়া, অংশগ্রহণকারী শিশু-কিশোরদের সনদপত্র প্রদান করা হবে। চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার জন্য দূতাবাস কর্তৃক শুধু কাগজ সরবরাহ করা হবে; অন্যান্য সরঞ্জাম (কলম, রঙ পেন্সিল, ক্লিপ-বোর্ড, স্কেল ইত্যাদি) অংশগ্রহণকারীদেরকে সঙ্গে আনতে হবে। জরুরি প্রয়োজনে যোগাযোগ:

মোঃ ইমরানুল হাসান

দ্বিতীয় সচিব (প্রেস), বাংলাদেশ দূতাবাস, টোকিও।

ফোন: +৮১৭০১৫৮১১৯৮৮, ই-মেইল: sspress.tokyo@mofa.gov.bd

ধন্যবাদান্তে,


শেখ ফরিদ

মিনিষ্টার ও দূতালয় প্রধান